গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৫.২১. তাং---------- /১৪২৮ বঙ্গাব্দ /২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কৈফিয়ত তলব প্রসঙ্গে।

সূত্রঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা এর কার্যালয়ের গত ২০/০৪/২০২১ খ্রিঃ তারিখের স্মারক নং-উঃস্বাঃকমঃ/মন/২০২১/১৪৬।

আপনি জনাব মোস্তাফিজুর রহমান, পিতাঃ আবু হোসাইন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলা এর বিরুদ্ধে সূত্রোক্ত স্মারকে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক নিম্নোক্ত অভিযোগসমূহ উত্থাপিত হয়েছে:

"অত্র কর্মস্থলে যোগদানের পর থেকে পেশাগত দায়িত্বের বাহিরে গিয়ে আপনি চিকিৎসকের ভূমিকায় অবতীর্ন হয়েছেন। বাড়িতে বাড়িতে গিয়ে খতনা করা, জরুরী বিভাগের রোগীদের কাছ থেকে টাকা নেয়া এবং হাসপাতালে সাপ্লাই ঔষধের বিনিময়ে রোগীদের কাছ থেকে টাকা নেয়া আপনার নিত্য দিনের বিষয় হয়ে দাড়িয়েছে। এই বিষয়ে রোগীর লোকজন ভিডিও ফুটেজ পর্যন্ত ডাঃ মোঃ রেজওয়ানুর আলম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলাকে দেখিয়েছে।" এছাড়ও আপনার বিরুদ্ধে সুত্রোক্ত স্মারকে আরও কিছু অভিযোগ উত্থাপন করা হয়েছে।

আপনার এহেন কর্মকান্ড সরকারী কর্মচারী শৃংখলা ও আচারণ বিধির পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ।

২। বর্ণিতাবস্থায়, উল্লেখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে না তার কারণ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ
মোঃ নাসির উদ্দিন
উপসচিব
পরিচালক (প্রশাসন ও শৃংখলা)

জনাব মোস্তাফিজুর রহমান
পিতাঃ আবু হোসাইন
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলা।

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৫.২১. 286/12(1) তাং ৩১/৩ /১৪২৮ বঙ্গাব্দ 15/7 /২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলা।
২। উপপরিচালক( পিএমআইএস শাখা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৩। নার্সিং সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলা।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। অফিস কপি।

15.07.2021
শিরীন আখতার
উপপরিচালক (শৃংখলা)